



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়  
সামাজিক বন বিভাগ, রাজশাহী।  
www.forest.rajshahi.gov.bd

স্মারক নম্বর-২২.০১.০০০০.২৪৫.৩৩.০৩৩.২০/ ২৬৯৬

তারিখঃ- ২৬/০৯/২০২০খ্রিঃ।


বিষয়ঃ উত্তম চর্চার তালিকা প্রণয়ন পূর্বক প্রেরণ প্রসংগে।

সূত্রঃ মহোদয়ের দপ্তরের পত্র নং-২২.০১.০০০০.০১২.৪৪.০০৩.২০.১১৫২ তারিখ-২০/০৯/২০২০খ্রিঃ।

সন্মান সহকারে উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র সামাজিক বন বিভাগ, রাজশাহীর ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ৫.১ অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত উত্তম চর্চার তালিকা প্রণয়ন করতঃ মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

উত্তম চর্চার তালিকাঃ

ক্রঃ নং	উত্তম চর্চার বিষয়
০১.	বিভাগীয় কর্মকর্তার দপ্তরে অভিযোগ বাস্তব স্থাপন করে প্রাপ্ত অভিযোগের বিষয়ে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করা।
০২.	অত্র দপ্তরের সকল রেঞ্জ, এসএফএনটিসি, বিট, এসএফপিসি অফিসের সাইনবোর্ড একই ফরমেট ও ডিজাইন অনুযায়ী স্থাপন করা।
০৩.	রাজশাহী বন বিভাগের প্রতিটি জেলায় বিশুদ্ধ পানির সংকট রয়েছে। পানিতে প্রচুর পরিমাণে আয়রণ মিশ্রিত থাকে। বিভাগীয় দপ্তর হতে বিট ও এসএফপিসি পর্যন্ত সকল ইউনিটে পানি বিশুদ্ধকরণ প্ল্যান্ট স্থাপন করা।
০৪.	বিট ও এসএফপিসি পর্যন্ত কম্পিউটার ও প্রিন্টার সরবরাহ করে সকল ইউনিটকে ডিজিটাল নেটওয়ার্কের আওতায় নিয়ে আসা।
০৫.	অত্র বন বিভাগের প্রতিটি জেলা উপজেলায় বন বিভাগের পরিচিতি, কর্মকান্ড এবং সাফল্যগুলো প্রচারের জন্য বিলবোর্ড স্থাপন করা।
০৬.	প্রতিমাসে ১ (এক) দিন অফিসের সকল স্টাফ ও অফিসার নিজ হাতে অফিস আংগিনা ও অফিসের ভিতরের নথিপত্র, কম্পিউটার সামগ্রী ইত্যাদি পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নিয়ম করা।
০৭.	অফিসের কর্মকর্তা/কর্মচারীদের সাথে প্রতিমাসে তাদের সুবিধা অসুবিধা নিয়ে আলোচনা করে সমস্যা থাকলে তা প্রতিকারের ব্যবস্থা নেওয়া, দুর্নীতি পরিহারসহ সকল কার্যক্রম সহজ করে আগত সেবা গ্রহণকারীর সাথে উত্তম আচরণ করে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
০৮.	হাত ধুয়ে অফিসে প্রবেশ করার জন্য বেসিন স্থাপন ও স্যানিটাইজার সরবরাহ করা।
০৯.	অফিস হতে প্রস্থানের সময় স্ব-স্ব কক্ষের লাইট, ফ্যান, (কম্পিউটার যদি থাকে) তা বন্ধ করে দেয়ার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা
১০.	স্ব-স্ব দপ্তরের কম্পিউটার সামগ্রীসহ অন্যান্য যন্ত্রপাতি পরিষ্কার-পরিচ্ছন্ন ও যত্ন সহকারে ব্যবহার করার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা।

  
(আহম্মদ নিয়ামুর রহমান)

পরিচিতি নম্বর-১৩২৩৮  
বিভাগীয় বন কর্মকর্তা  
সামাজিক বন বিভাগ, রাজশাহী।  
ফোন নম্বরঃ-০৭২১-৭৬১৬৭৭

ই-মেইলঃ divisionalforestraj@gmail.com.

প্রাপকঃ প্রধান বন সংরক্ষক,  
বন অধিদপ্তর, বনভবন,  
আগারগাঁও, ঢাকা।

দৃষ্টি আকর্ষণেঃ-উপ-বন সংরক্ষক, লিগ্যাল ইউনিট, বনভবন, আগারগাঁও, ঢাকা।

  
২৬/০৯/২০